শিক্ষা সংক্রান্ত রেকর্ড

শিক্ষা সংক্রান্ত রেকর্ডগুলি পরিচর্যাকরীর স্কুল থেকে পাওয়া যেতে পারে।

কিভাবে তথ্য পেতে হবে এবং যে কোনও ফি সম্পর্কে আরও নির্দেশের জন্য পিতা-মাতাদেরকে সরাসরি স্কুলের সঙ্গে যোগাযোগ করতে হবে।

ফেডারেল পারিবারিক শিক্ষার অধিকার এবং গোপনীয়তা আইন অনুসারে, উক্ত ব্যক্তির শিক্ষা সংক্রান্ত রেকর্ড কেবল তখনই প্রকাশ করা হবে যখন সেই ব্যক্তি লিখিতভাবে সেই রেকর্ড প্রকাশ করার কথা জানাবেন। উক্ত প্রকাশ পত্রে যে রেকর্ড প্রকাশের কথা বলা হচ্ছে তার উল্লেখ থাকতে হবে, প্রকাশের উদ্দেশ্যে এবং কার কাছে রেকর্ডটি প্রকাশ করতে হতে পারে তা বলা থাকতে হবে।

ক্রেডিট ইতিহাসের রিপোর্ট

সম্ভাব্য পরিচর্যাকারীর ক্রেডিট ইতিহাসের রিপোর্টের অনুরোধ বেসরকারি ক্রেডিট ইতিহাসের রিপোর্টিং এজেন্সিগুলির কাছে করা যেতে পারে। যে সকল পিতা-মাতার এই তথ্যের প্রয়োজন হবে তাদেরকে পরবর্তী নির্দেশনা ও প্রযোজ্য ফি এর জন্য ক্রেডিট ইতিহাসের রিপোর্টিং এজেন্সির সঙ্গে যোগাযোগ করতে হবে।

সমস্ত ক্রেডিট ইতিহাসের অনুরোধের ক্ষেত্রে ফেডারেল ক্রেডিট রিপোর্টিং আইন মেনে চলা আবশ্যক।

নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিস (New York State Office of Children and Family Services) মনে করে সকল পিতা-মাতাদের উচিত তাদের সন্তানের জন্য সম্ভাব্য প্রদানকারী বেছে নেয়ার আগে সমস্ত মূল্যায়ন করে দেখা। এই প্রচারপত্রে বর্ণিত থাকা রেকর্ড মূল্যায়নে কাজে আসতে পারে।

নিউ ইয়র্ক স্টেটে শিশু পরিচর্যা সংক্রান্ত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন:

ocfs.ny.gov

NEW YORK STATE | Office of Children and Family Services

Capital View Office Park
52 Washington Street
Rensselaer, NY 12144

আমাদের ওয়েবসাইট দেখুন:
ocfs.ny.gov

লালনপালন এবং দত্তক নেয়া সম্পর্কিত তথ্যের জন্য এই নম্বরে ফোন করুন:
1-800-345-KIDS (5437)

শিশু পরিচর্যা সংক্রান্ত অভিযোগের জন্য ফোন করুন:
1-800-732-5207

শিশু অবহেলা ও নির্যাতন সম্পর্কে অভিযোগ করতে এখানে ফোন করুন: **1-800-342-3720**

পরিত্যক্ত শিশু সুরক্ষা আইনের ব্যাপারে আরও তথ্য পাওয়ার জন্য কল করুন এই নম্বরে:
1-866-505-SAFE (7233)

অন্ধদের পরিষেবার তথ্যের জন্য এই নম্বরে ফোন করুন:
1-866-871-3000

"...আমাদের সন্তান, পরিবার, এবং সম্প্রদায়গুলির সুরক্ষা, স্থায়িত্ব, এবং ভালো থাকাকে সহায়তা করা। ..."

আমেরিকার প্রতিবন্ধী আইন অনুযায়ী, নিউ ইয়র্কের শিশু এবং পরিবার পরিষেবা অফিস অনুরোধ অনুযায়ী এই পুস্তিকাটি যথাযথ ফরম্যাটে উপলব্ধ করবে।

Pub. 4628 (Rev. 05/2018)

NEW YORK STATE | Office of Children and Family Services

বাড়িতে শিশু পরিচর্যা প্রদানকারী খুঁজছেন?

কিয়েরানের আইন

এটি আপনাকে অবগত সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

আপনার যা জানা প্রয়োজন!

নিউ ইয়র্ক স্টেটে বাড়িতে সন্তানদের সম্ভাব্য পরিচর্যাকারীদের কর্মসংস্থানের ক্ষেত্রে পিতা-মাতা ও অভিভাবকরা যাতে পরিচর্যাকারীদের অপরাধের ইতিহাস সম্পর্কে জানতে পারেন তাই 1998 সালের 27 অক্টোবরে কিয়েরানের আইন কার্যকরী হয়। কিয়েরানের আইন কেবলমাত্র সেইসব পরিচর্যাকারীদের (যেমন, আয়া, শিশু ধরনি) উপর প্রযোজ্য হয় যারা প্রতি সপ্তাহে বাড়িতে 15 ঘন্টা বা তার বেশি সময় ধরে পরিচর্যা প্রদান করেন।

আইন অনুযায়ী পিতা-মাতারা সম্ভাব্য পরিচর্যাকারীর থেকে স্বেচ্ছাকৃত সম্মতি নিয়ে নিউ ইয়র্ক স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিস (New York State Division of Criminal Justice Services, DCJS) এর কাছে সম্ভাব্য পরিচর্যাকারীর আঙুলের ছাপ পাঠাতে পারেন। DCJS অপরাধের ইতিহাস আছে কিনা দেখতে তার রেকর্ড অনুসন্ধান করবে।

ব্যাকগ্রাউন্ড চেক সম্পূর্ণ হলে, পিতা-মাতাদেরকে নিউ ইয়র্ক স্টেটের অপরাধে দোষী সাব্যস্ত সম্পর্কিত তথ্য জানাবে যাতে তারা তাদের সন্তানের সম্ভাব্য পরিচর্যাকারীর সুস্থতা এবং পারদর্শিতা সম্পর্কে অবগত সিদ্ধান্ত নিতে পারে।

DCJS প্রতিটি ব্যাকগ্রাউন্ড চেক করার জন্য পিতা-মাতাদের থেকে $75 করে নেবে। পিতা-মাতাদের আর্থিক পরিস্থিতি ও পেমেন্ট করার ক্ষমতার ভিত্তিতে এই ফি কম হতে পারে।

যদি আপনার সন্তানের সম্ভাব্য পরিচর্যাকারীর জন্য অপরাধের ব্যাকগ্রাউন্ড চেক করাতে চান, তাহলে DCJS-এর কাছে লিখিতভাবে এখানে *অপরাধের ইতিহাসের রেকর্ডের অনুসন্ধানের অনুরোধ (Criminal History Record Search Request)* ফরমের **(DCJS-3249)** এবং ফিঙ্গারপ্রিন্ট কার্ডের অনুরোধ করতে পারেন:

**New York State Division of
Criminal Justice Services
Criminal History Record Search Unit 80
South Swan St., Albany, NY 12210**

অথবা ফোন:

(518) 485-7675 বা (518) 457-9847

স্প্যানিশের জন্য **(518) 485-0962** নম্বরে ফোন করুন

কিয়েরানের আইন অনুসারে DCJS-এর থেকে প্রাপ্ত অপরাধের ইতিহাসের তথ্য গোপন রাখা হয়। তথ্যের অনুমোদনহীন প্রকাশ বা পুনঃপ্রকাশ হলো ক্লাস A বেআইনি কাজ, এর জন্য এক বছর জেল হতে পারে।

যে সকল পিতা-মাতা DCJS থেকে অপরাধের ইতিহাসের তথ্য নেবেন এবং 10 বা তার বেশি ব্যক্তিকে নিযুক্ত করতে সক্ষম তাদেরকে সংশোধন আইনের ধারা 752 এর বিষয়ে সচেতন থাকতে হবে, কারণ উক্ত ধারা কোনও ব্যক্তিকে অপরাধে দোষী সাব্যস্তের ভিত্তিতে কাউকে নিযুক্ত না করার ক্ষমতা সীমিত করতে পারে, এই বিধি সেইসব ক্ষেত্রে প্রযোজ্য হবে যেখানে সম্ভাব্য পরিচর্যাকারী এবং অপরাধে দোষী সাব্যস্তের মধ্যে সরাসরি সম্পর্ক আছে।

অন্যান্য উপলভ্য তথ্য

সম্ভাব্য পরিচর্যাকারীর উপযুক্ততা সংক্রান্ত অবগত সম্মতি নিতে সাহায্য করতে পারে এমন অন্যান্য ব্যাকগ্রাউন্ড তথ্য পাওয়া যেতে পারে। এই তথ্য নিউ ইয়র্কের মোটর যান বিভাগের থেকে রেকর্ড, শিক্ষা সংক্রান্ত রেকর্ড এবং ক্রেডিট ইতিহাসের রেকর্ড হলেও তা কেবল এতেই সীমিত নয়।

মোটর যান বিভাগের রেকর্ড

ফেডারেল চালকের গোপনীয়তা সুরক্ষা আইন (1994) অনুসারে, পিতা-মাতার কাছে সম্ভাব্য পরিচর্যাকারীর লিখিত সম্মতি (নোটারি করা হলে ভালো হয়) অথবা এই তথ্য পাওয়া "অনুমতিযোগ্য ব্যবহার" এর অধীনস্থ হলে আপনি সম্ভাব্য পরিচর্যাকারীর জন্য নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভিং রেকর্ডের কপি পেতে পারেন।

মোটর যান বিভাগের রেকর্ড *পরের পাতায় যান*

অনুমতিযোগ্য ব্যবহার মানে হলো নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে কোনও ব্যক্তির রেকর্ড তার সম্মতি ছাড়া পিতা-মাতারা দেখতে পারেন।

সম্ভাব্য পরিচর্যাকারীর রেকর্ড পাওয়ার জন্য কোনও পিতা-মাতাকে, **MV-15GC** *ব্যক্তিগত তথ্য প্রকাশের সাধারণ সম্মতি (General Consent for Release of Personal Information)* ফরম মারফত লিখিত সম্মতি প্রদান করতে হবে। নোটারি করা সম্মতি প্রদান করা হলে, পিতা-মাতা মোটর যান বিভাগের (Department of Motor Vehicles, DMV) ফরম **MV-15**, *প্রত্যয়িত DMV রেকর্ডের জন্য অনুরোধ* সম্পূর্ণ করে সম্ভাব্য পরিচর্যাকারী "লাইফটাইম ড্রাইভিং রেকর্ড" পেতে পারেন।

উভয় ফরমই অনলাইনে উপলভ্য:

MV15GC
https://dmv.ny.gov/forms/mv15gc.pdf
এবং **MV-15**
https://dmv.ny.gov/forms/mv15.pdf

DMV সম্ভাব্য চালকের নাম, ঠিকানা, জন্মতারিখ, লিঙ্গ, উচ্চতা, চোখের রঙ, ড্রাইভার লাইসেন্সের মেয়াদ অতিক্রমের তারিখ, গত 10 বছরে কোনও অ্যালকোহল সংক্রান্ত অপরাধ এবং গত চার বছরে ট্রাফিক সংক্রান্ত অপরাধ সম্পর্কিত তথ্য প্রদান করবে।

যদি আপনি DMV অফিসে যান, সম্ভাব্য পরিচর্যাকারী ড্রাইভিং রেকর্ডের জন্য আপনার অনুরোধ সেই দিনেই প্রক্রিয়া করা হতে পারে।